

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.২৬.১৫১.২৩ নথির বিষয়: Re-Construction of boundary wall behind stuff quarter

নোট: ১ নোটের বিষয়: Re-Construction of boundary wall behind stuff quarter

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৪/৯/২৩ ৭:৪২ অপরাহ্ন

ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতা সম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুরে) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিলোমিটার অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্রিনিংসহ বিভিন্ন মডস জোন এর আওতাধীন ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্রের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্থভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৪/৯/২৩ ৮:১৫ অপরাহ্ন

মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৯৭২০/২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ে (সংযুক্তি-২) ৭ দফা নির্দেশনার মধ্যে ১নং নির্দেশনায় রায়ে কপি প্রাপ্ত হওয়ার দিন হতে পরবর্তী ২৪ মাসের মধ্যে লেগুন এলাকায় সীমানা দেয়াল নির্মান করার জন্য বলা হয়েছে। এবং ৩নং নির্দেশনায় লেগুন এলাকায় প্রয়োজনীয় সংখ্যক আনসার ও নিরাপত্তা রক্ষী নিয়োগ প্রদান করে সৃষ্ট কার্যকর এবং নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য বলা হয়েছে। পাগলা পয়ঃ শোধনাগারের ডাঙার বিভাগের পিছনের সীমানা দেয়ালের টেম্পার নষ্ট হয়ে বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত হয়েছে, এবং সীমানা দেয়ালটি বেশ পুরাতন হওয়ায় জরাজীর্ণ অবস্থা হওয়ায় পাগলা পয়ঃ শোধনাগারের নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। পাগলা পয়ঃ শোধনাগারের সীমানা দেয়াল ভেঙ্গে নতুন করে করলে নিরাপত্তা ব্যবস্থাও জোরদার করা সহজ হবে। এছাড়া মহামান্য হাইকোর্টের প্রদত্ত রায়ে ৩নং নির্দেশনায় লেগুন এলাকায় নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে আরও একধাপ এগিয়ে যাওয়া সম্ভব হবে। বিধায়, জরুরী ভিত্তিতে সীমানা দেয়ালটি ভেঙ্গে নতুন করে করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৪/৯/২৩ ৮:১৬ অপরাহ্ন

সেই লক্ষ্যে “Re-Construction of boundary wall behind stuff quarter.” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী উপস্থাপন করা হ’ল। PWD-2022 রোট সিডিউল এর ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ টাঃ ২১,৪৯,১০৭.৯৫৭ (একুশ লক্ষ ঊনপঞ্চাশ হাজার একশত সাত দশমিক নয় পাঁচ সাত) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের চলতি ২০২৩-২০২৪ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “Sub- Head-M: Boundary wall maintenance” খাতের সিরিয়াল নং-56, Package No-20 এ অন্তর্ভুক্ত রয়েছে।

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৪/৯/২৩ ৮:১৭ অপরাহ্ন

আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১)(খ) অনুসরণে Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৫):


- ১। ২০২৩-২০২৪ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ে কপি।
- ৩। ক্যালকুলেশন।
- ৪। প্রাক্কলন।
- ৫। প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ৪/৯/২৩ ৮:২৪ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.৩ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Re-Construction of boundary wall behind stuff quarter.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

- কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩ ধারায় সীমিত দরপত্র পদ্ধতি (১)(খ) উপ-বিধি মোতাবেক (LTM) এ e-GP তে দরপত্র আহবান এর অনুমোদন।
- উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ২১,৪৯,১০৭.৯৫৭ (একুশ লক্ষ ঊনপঞ্চাশ হাজার একশত সাত দশমিক নয় পাঁচ সাত) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।
- উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের WTP/STP (O&M) (কোড ০১-০৪-০০৫) খাত হতে নিবাহের প্রশাসনিক অনুমোদন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


৪/৯/২৩ ৮:৫৩ অপরাহ্ন
মোঃ আব্দুস সালাম
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ


৫/৯/২৩ ১০:৪২ পূর্বাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ


৫/৯/২৩ ১০:৪২ পূর্বাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৫/৯/২৩ ২:১৪ অপরাহ্ন


Forwarded for kind approval of paragraph:1.4


৫/৯/২৩ ২:১৪ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

৫/৯/২৩ ২:১৪ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৬/৯/২৩ ১০:৪১ পূর্বাহ্ন

অনুমোদিত



৬/৯/২৩ ১০:৪১ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও
রক্ষণাবেক্ষণ)

৬/৯/২৩ ১০:৪১ পূর্বাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ৭/৯/২৩ ৮:২৫ পূর্বাহ্ন

পত্রিকায় দরপত্র আহবানের ব্যবস্থা নিন।


৭/৯/২৩ ৮:২৫ পূর্বাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ


৭/৯/২৩ ১০:৩৬ পূর্বাহ্ন
মোঃ আব্দুস সালাম
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা